আপত্তিকর ভিডিও ভাইরাল বিতর্কে ইসলামী আন্দোলনের নেতাকে অব্যাহতি



ছবি: সংগৃহীত

সামাজিক যোগাযোগমাধ্যমে এক নারীর সঙ্গে ভিডিও কলে কথোপকথনের একটি ভিডিও ছড়িয়ে পড়ার পর ইসলামী আন্দোলন বাংলাদেশের ভোলা জেলা দক্ষিণ শাখার সেক্রেটারি মাওলানা আব্বাস উদ্দিনকে দায়িত্ব থেকে সরিয়ে দেওয়া হয়েছে। পাঁচ সদস্যের তদন্ত কমিটির অনুসন্ধানে তাঁর বিরুদ্ধে ওঠা অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় এ সিদ্ধান্ত নিয়েছে দলটির কেন্দ্রীয় কমিটি।

সোমবার (১২ অক্টোবর) রাতে দলের মহাসচিব গাজী আতাউর রহমান স্বাক্ষরিত চিঠিতে এ সিদ্ধান্ত জানানো হয়। চিঠিটি ভোলা জেলা দক্ষিণ শাখার সভাপতির কাছে পাঠানো হয়েছে। চিঠিতে বলা হয়, আব্বাস উদ্দিনের বিরুদ্ধে চারিত্রিক স্খলনের অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়ায় তাঁকে সেক্রেটারির পদ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত শাখাটির জয়েন্ট সেক্রেটারি মাওলানা মুহাম্মদ সালাহউদ্দিন ভারপ্রাপ্ত সেক্রেটারির দায়িত্ব পালন করবেন।

দলীয় সূত্র জানায়, অভিযোগ ওঠার পর গত রোববার (১১ অক্টোবর) আব্বাস উদ্দিনের সাংগঠনিক দায়িত্ব স্থগিত করা হয়। একই সঙ্গে পাঁচ সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়। কমিটির নেতৃত্বে ছিলেন জেলা দক্ষিণ শাখার সভাপতি অধ্যাপক কামাল উদ্দিন। তদন্তে অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়ার পর তাঁর বিরুদ্ধে পরবর্তী পদক্ষেপ নেওয়া হয়।


ইসলামী আন্দোলন বাংলাদেশ
ISLAMI ANDOLAN BANGLADESH (IAB)

ছড়িয়ে পড়া ভিডিও নিয়ে নিজের বক্তব্যে আব্বাস উদ্দিন দাবি করেন, ভিডিও কলে থাকা নারী তাঁর স্ত্রী এবং ভিডিওটি কয়েক মাস আগের। তিনি বলেন, ভিডিওটি থাকা মোবাইল ফোনটি সম্প্রতি চুরি হয়। এরপর একটি পক্ষ তাঁকে রাজনৈতিকভাবে হেয় করতে উদ্দেশ্যপ্রণোদিতভাবে ভিডিওটি ছড়িয়ে দিয়েছে। এ ঘটনায় দুঃখ প্রকাশও করেন তিনি।